



EMBASSY OF  
THE PEOPLE'S REPUBLIC OF  
BANGLADESH  
ANDERSTORPSVAGEN 12 (1 TR.)  
SE-171 54 SOLNA, SWEDEN  
TEL: +46 8 730 58 50 -52  
FAX: +46 8 730 58 70

নং: ১৯.০১.৪৬০১.১০১.০৮.০০৮.১৯-০৬৭

তারিখ: ২৪ ফেব্রুয়ারি ২০২০


প্রিয় সুধী,

আসছে ঐতিহাসিক ০৭ মার্চ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে অত্র দূতাবাসে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও কর্মের উপর একটি আলোচনা সভা, প্রামাণ্য চিত্র প্রদর্শনী ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। একই সঙ্গে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদ্‌যাপনের অংশ হিসেবে একই দিনে দূতাবাস কর্তৃক প্রবাসী বাংলাদেশী শিশুদের অংশগ্রহণে চিত্রাঙ্কণ ও রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। চিত্রাঙ্কণ ও রচনা প্রতিযোগিতার গ্রুপ, বিষয়, সময় ও নিয়মাবলি ১০ ফেব্রুয়ারি ২০২০ তারিখের বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে (পুনঃসংযুক্ত)।

উক্ত অনুষ্ঠানে আপনাদের স্বাধিক উপস্থিত হওয়ার জন্য সাদর আমন্ত্রণ জানানো হচ্ছে। শিশুদের চিত্রাঙ্কণ ও রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য নিজ নিজ সন্তানদেরকে উদ্বুদ্ধকরণে সকল অভিভাবককে অনুরোধ করা যাচ্ছে।

স্থান : বাংলাদেশ দূতাবাস প্রাঙ্গণ  
Anderstorpsvägen 12 (1tr), 17154 Solna  
তারিখ : শনিবার, ০৭ মার্চ ২০২০  
সময় : ১৭:০০ ঘটিকা

আপনার একান্ত,

  
২৪/০২/২০২০

(মোঃ মোরশেদুর রহমান তালুকদার)  
দ্বিতীয় সচিব এবং দূতালয় প্রধান

সুইডেন, নরওয়ে ও ফিনল্যান্ডে বসবাসরত বাংলাদেশ কমিউনিটির সদস্যবৃন্দ

RSVP:

ফোন : ০৮-৭৩০ ৫৮৫০

ই-মেইল : [banijsya@bangladeshembassy.se](mailto:banijsya@bangladeshembassy.se)

[বিঃ দ্রঃ অনুষ্ঠানের এই আমন্ত্রণ দূতাবাসের ওয়েবসাইট ও ফেসবুক পেজে প্রকাশিত হলো এবং ইমেইলে (যাদের ইমেইল আইডি দূতাবাসে আছে তাদেরকে) প্রেরণ করা হলো]]



EMBASSY OF  
THE PEOPLE'S REPUBLIC OF  
BANGLADESH  
ANDERSTORPSVAGEN 12 (1 TR.)  
SE-171 54 SOLNA, SWEDEN  
TEL: +46 8 730 58 50 -52  
FAX: +46 8 730 58 70

নং: ১৯.০১.৪৬০১.১০১.২৩.০২৩.১৯-০৫২

তারিখ: ১০ ফেব্রুয়ারি ২০২০

প্রিয় সুধী,

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে বাংলাদেশ সরকার ঘোষিত 'মুজিব বর্ষ' উদযাপনের লক্ষ্যে বাংলাদেশ দূতাবাস, স্টকহোম মার্চ ২০২০ হতে মার্চ ২০২১ পর্যন্ত বছরব্যাপী বিভিন্ন কর্মসূচী গ্রহণ করেছে। যথাযোগ্য মর্যাদায় মুজিব বর্ষ উদযাপনের অংশ হিসেবে দূতাবাস কর্তৃক সুইডেন, নরওয়ে ও ফিনল্যান্ড প্রবাসী বাংলাদেশী শিশুদের অংশগ্রহণে চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে:

শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা

গ্রুপ ক	গ্রুপ খ	গ্রুপ গ
বয়স: ১০ বছর পর্যন্ত	বয়স: ১০ <sup>+</sup> -১৪ বছর	বয়স: ১৪ <sup>+</sup> -১৮ বছর
বিষয়: বাংলাদেশের পতাকা	বিষয়: বঙ্গবন্ধুর সোনার বাংলা	বিষয়: বঙ্গবন্ধু ও বাংলাদেশ

চিত্রাঙ্কনের জন্য প্রয়োজনীয় আর্ট পেপার ও রংপেন্সিল দূতাবাস সরবরাহ করবে।

চিত্রাঙ্কন প্রতিযোগিতার স্থান: দূতাবাস প্রাঙ্গণ, Anderstorpsvägen 12 (1 Tr.), 171 54 Solna, Stockholm

তারিখ: ০৭ মার্চ ২০২০, রোজ শনিবার

সময়: বিকেল ০৫.০০-০৬.০০ ঘটিকা


রচনা প্রতিযোগিতা

গ্রুপ ক	গ্রুপ খ
বয়স: ৭-১৩ বছর	বয়স: ১৩ <sup>+</sup> -১৮ বছর
বিষয়: ছোটদের বঙ্গবন্ধু	বিষয়: বঙ্গবন্ধুর স্বপ্নের বাংলাদেশ
ভাষা: বাংলা অথবা ইংরেজি, শব্দ সংখ্যা: ২৫০-৩০০	ভাষা: বাংলা অথবা ইংরেজি, শব্দ সংখ্যা: ৩০০-৪০০

রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণেচ্ছুক প্রতিযোগীদের স্বহস্তে লিখিত রচনাসমূহ নাম, বয়স ও ঠিকানা উল্লেখপূর্বক আগামী ০৭ মার্চ ২০২০ তারিখের মধ্যে ডাকযোগে বা ইমেইলের মাধ্যমে (doot@bangladeshembassy.se) প্রেরণ অথবা সরাসরি দূতাবাসে জমাদানের জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

উল্লেখ্য, আগামী ১৭ মার্চ ২০২০ তারিখে স্থানীয় অডিটোরিয়ামে অনুষ্ঠিতব্য মুজিব বর্ষের মূল অনুষ্ঠানে চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতায় বিজয়ী প্রতিযোগীদের পুরস্কার ও অংশগ্রহণকারী সকল প্রতিযোগীদের সার্টিফিকেট প্রদান করা হবে।

আপনার একান্ত,

  
১০/০২/২০২০

(মোঃ মোরশেদুর রহমান তালুকদার)  
দ্বিতীয় সচিব ও চ্যান্সারি প্রধান